দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR ৩০ 2000
পৃষ্ঠা ২ কলাম ৩

74

# আবুজর গিফারী কলেজে ছাত্রলীগের দুই গ্রুপে বন্দুকযুদ্ধ ॥ আহত ১

**স্টাফ রিপোর্টার** ॥ রাজধানীর আবুজর গিফারী কলেজে বুধবার সন্ধ্যায় ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে গুলি বিনিময়, ধাওয়া পাল্টা-ধাওয়া, ভাংচুর ও সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের সময় কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মামুন গুলিবিদ্ধ হয়েছে। তাকে গুলিবিদ্ধ অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সন্ধ্যা সোয়া ছয়টায় ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও গুলিবিনিময় শুরু হয়। মামুন গ্রুপ ও বাকীবিল্লাহ গ্রুপের মধ্যে এই সংঘর্ষ প্রায় ঘণ্টাকাল স্থায়ী হয়। গুলিবিনিময়ের শব্দে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। লোকজন দৌড়াদৌড়ি শুরু করে। আশপাশের দোকানপাট বন্ধ হয়ে যায়।

পুলিশ সূত্র জানায়, প্রাধান্য বিস্তার ও ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলে এই সংঘর্ষ ও গুলিবিনিময় হয়েছে। কেউ গ্রেফতার হয়নি।